দৈনিক ইত্তেফাক

তারিখ ১১ MAR 2018
পৃষ্ঠা ৪ কলাম ৫

# বরিশালে এইচএসসির কেন্দ্র স্থগিত

■ বরিশাল অফিস

২০১৮ সালের এইচএসসি পরীক্ষায় বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের আওতায় দুটি কেন্দ্র স্থগিত করা হয়েছে। পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর আনোয়ারুল আজিম স্বাক্ষরিত নোটিসসূত্রে জানা গেছে, কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাদের অনুরোধে দুই এপ্রিল শুরু হতে যাওয়া এইচএসসি পরীক্ষায় বরিশাল ইসলামিয়া কলেজ ও আব্দুর রব সেরনিয়াবাত কলেজ কেন্দ্র স্থগিত করা হয়। এক্ষেত্রে বরিশাল ইসলামিয়া কলেজ কেন্দ্রের পরীক্ষার্থীরা অমৃত লাল দে মহাবিদ্যালয় কেন্দ্রে এবং আব্দুর রব সেরনিয়াবাত কলেজ কেন্দ্রের পরীক্ষার্থীরা বরিশাল মডেল স্কুল এন্ড কলেজ কেন্দ্রে অংশ অংশগ্রহণ করবেন। ফলে বরিশাল শিক্ষা বোর্ডের অধীনে ১১৪টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। জেলায় সর্বোচ্চ ৪০টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। এ বিষয়ে বরিশাল শিক্ষা বোর্ড চেয়ারম্যান প্রফেসর মো. জিয়াউল হক জানান, কেন্দ্র দুইটিতে পরীক্ষার্থীর সংখ্যা কম। কেন্দ্র দুইটি স্থগিত হওয়ায় তেমন কোনো সমস্যা হবে না বলেও তিনি উল্লেখ করেন।